রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৮, ২০১৮

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০২ মাঘ, ১৪২৪ মোতাবেক ১৫ জানুয়ারি, ২০১৮

নিম্নলিখিত বিলটি ০২ মাঘ, ১৪২৪ মোতাবেক ১৫ জানুয়ারি, ২০১৮ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০৩/২০১৮

## বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৫ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (সংশোধন) আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১৩ সনের ৪৫ নং আইনের ধারা ১২ এর সংশোধন।**—বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৫ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (৪) বিলুপ্ত হইবে।



**মূল্য :** টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) একটি গবেষণাধর্মী সংবিধিবদ্ধ সংস্থা। বাংলাদেশে বিজ্ঞান ও শিল্প গবেষণার উন্নয়ন, প্রযুক্তি উদ্ভাবন ও প্রয়োগ এবং আবিষ্কার ও শিল্প প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ প্রতিষ্ঠা করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানটি বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ দ্বারা পরিচালিত। বিশেষ মেধা ও যোগ্যতার অধিকারী গবেষকগণকে গবেষণা কর্মে আকৃষ্ট ও উৎসাহিতকরণ এবং তাঁদের মেধা, দক্ষতা ও অভিজ্ঞতা গবেষণার কাজে যথাযথভাবে ব্যবহারের লক্ষ্যে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৫ নং আইন)-এর ১২ (৪) ধারায় তাঁদের চাকরির বয়সসীমা ৬৭ (সাতষট্টি) বছর সন্নিবেশিত করা হয়। The Public Servants (Retirement) Act, 1974 অনুসারে প্রজাতন্ত্রের কর্মচারীদের জন্য অবসরগ্রহণের বয়সসীমা ৫৯ (উনষাট) বছর। কিন্তু বিশেষ মেধা ও যোগ্যতা নির্ধারণের কোন মাপকাঠি না থাকায় বিসিএসআইআর-এর গবেষকগণ পিআরএল এ না গিয়ে এ আইনের আওতায় রিট মামলার মাধ্যমে চাকরিতে বহাল আছেন। এতে জুনিয়র বিজ্ঞানীদের পদোন্নতির ক্ষেত্রে জটিলতাসহ পরিষদের কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। বিসিএসআইআর এর বিদ্যমান আইনের ফলে বিভিন্ন মন্ত্রণালয়ের আওতায় গবেষক ও বিজ্ঞানীদের এবং সকল সরকারি কর্মচারীর মাঝে একটি বৈষম্যমূলক অবস্থার সৃষ্টি হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়ের সকল গবেষক/ বিজ্ঞানীর বয়সসীমা নির্ধারণের নিমিত্ত একই আইন প্রণয়নের সুবিধার্থে বিদ্যমান বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৫ নং আইন)-এর ১২ ধারার ৪ উপধারাটি বিলুপ্ত হওয়া সমচীন ও প্রয়োজন। এ প্রেক্ষাপটে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (সংশোধন) আইন, ২০১৮ শীর্ষক একটি খসড়া বিল প্রস্তুত করা হয় যা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিং করা হয়েছে। প্রস্তাবিত বিলটি মন্ত্রিসভা কর্তৃক গত ১৬ অক্টোবর, ২০১৭ তারিখে নীতিগত ও চূড়ান্তভাবে অনুমোদিত হয়।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গবেষণা কাজে নিয়োজিত সকল মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের বিজ্ঞানীদের জন্য অবসর গ্রহণের বয়সসীমা সংক্রান্ত একই রকম ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হচ্ছে। সকল বিজ্ঞানীদের জন্য একই রকম ব্যবস্থা গ্রহণ করা গেলেও বিসিএসআইআর আইন, ২০১৩ এর ১২(৪) ধারাটি বলবৎ থাকায় জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গৃহীতব্য ব্যবস্থা বিসিএসআইআর বিজ্ঞানীদের জন্য প্রয়োগ করা সম্ভব হবে না। তাই বিজ্ঞানীদের অবসর গ্রহণের বয়স সংক্রান্ত বিসিএসআইআর আইন, ২০১৩-এর ১২(৪) ধারাটি বিলুপ্ত করা আবশ্যক।

৩। সকল মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত বিজ্ঞানীদের বিশেষ মেধা ও যোগ্যতার অধিকারী গবেষকগণকে গবেষণা কর্মে আকৃষ্ট ও উৎসাহিত করে গবেষণা কর্মের ধারাবাহিকতা রক্ষার্থে একই ধরনের অবসর গ্রহণের বয়সসীমা নির্ধারণের নিমিত্ত ২০১৩ সনের ৪৫ নং আইনের ১২ ধারার ৪ উপধারাটি বিলুপ্ত করে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (সংশোধন) আইন, ২০১৮ শীর্ষক খসড়া বিলটি প্রণয়ন করা সমীচীন।

**স্থপতি ইয়াফেস ওসমান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

**আ. আ. ম গোলাম কিবরিয়া**
সচিব
(রুটিন দায়িত্বে)

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd